

ফেরা

যেতে হয়নি কখনও তোমার কাছে
তবু ও তুমি এসেছো যখন
ফেরানো হয়নি কখনো ।

ফেরাতে পারিনি বলেই
তুমি আজো আছো আমার পাশে
যতটা পাশে থাকি , চাই নি আমি
চাওনি তুমি তত'টা কাছে ।

আজ এই অবেলায় ঘিরে থাকি
মনের চারপাশ ধরে,
আসলে কি আমি-তুমি আছি পাশে,
হৃদয়ের কাছাকাছি ; যতটা মনে হয়
দু'জন দু'জনার কাছাকাছি ।

আজ হয় না চাওয়া তোমাকে ফেরাতে
যদি ও চাই তোমাকে ফেরাতে ;
আমার অবচেতন মনে যতটা তুমি আছো,
তার চেয়ে কম নয় ; বেশি ও নয় ।

তোমাকে ফেরাতে চাই না।
তবু ও ফেরাতে হবেই বলেই
আমার ঘরে ফেরা ।
তোমাকে এভাবে ছেড়ে আসা ,
তোমার তোমাতেই ফিরে যাওয়া ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম